



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬২২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ তরুণ প্রজন্মের জন্য দেশপ্রেম জাগ্রত করার প্রেরণা

-ববি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৭ মার্চ ২০২২খ্রিঃ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ছিলো বাঙালীর স্বাধীনতা সংগ্রামের ভিত্তিমূল। দিবসটি উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। এদিন সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের ছয় দফা বেদীতে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, শিক্ষকমন্ডলী, কর্মকর্তা, কর্মচারীসহ ববির বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। শ্রদ্ধা নিবেদন শেষে উপাচার্য মহোদয় বলেন, একটি জাতিকে কিভাবে স্বাবলম্বি করে গড়ে তুলতে হবে তার সকল দিক নির্দেশনাই ছিলো জাতির পিতার ঐতিহাসিক এ ভাষণে। বর্তমান প্রজন্মকে আগামীর উন্নত বাংলাদেশ তথা আত্মমর্যাদাশীল বাঙালী জাতিরই হিসেবে প্রতিষ্ঠায় দেশপ্রেমের জাগরণে উদ্বুদ্ধ করবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এ ভাষণ। কারন ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ তরুণ প্রজন্মের জন্য দেশপ্রেম জাগ্রত করার প্রেরণা। এসময় তাৎপর্যপূর্ণ ও সুদূরপ্রসারী চিন্তা চেতনার এ ভাষণের গুরুত্বকে তরুণ প্রজন্মের কাছে আরও বেশি করে তুলে ধরার আহবান জানান উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এরপর পুষ্পস্তবক অর্পণ করেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, ববিতে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকার ও বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ। এছাড়াও দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপি বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার করা হয়। এদিকে বিকাল ৪ টায় কীর্তনখোলা অডিটোরিয়ামে বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের আয়োজনে বিভাগের ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান ও লোকপ্রশাসন বিভাগ ছাত্রকল্যাণ সমিতির উদ্যোগে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। লোকপ্রশাসন বিভাগের চেয়ারম্যান রিফাত মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস